# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৫৯৩

১৫/ দাওয়াত

পরিচ্ছেদঃ ভাল কাজের আদেশ ও মন্দ কাজে নিষেধ করার গুরুত্ব

## আরবী

عَن أُمِّ المُؤمِنِينَ أُمِّ سَلَمَةَ هِند بِنت أَبي أُميَّةَ حُذَيفَةَ رَضِيَ اللهُ عَنْهَا عَن النَّبيِّ ﷺ أَنَّهُ قَالإِنَّهُ يُستَعمَلُ عَلَيْكُم أُمَرَاءُ فَتَعرِفُونَ وتُنْكِرُونَ فَمَنْ كَرِهَ فَقَدْ بَرِئَ وَمَنْ أنْكَرَ فَقَدْ سَلِمَ وَلَكِنْ مَنْ رَضِيَ وَتَابَعَ قَالُوا: يَا رَسُولَ اللهِ، أَلاَ نُقَاتِلهم؟ قَالَ لاَ، مَا أَقَامُوا فيكُمُ الصَّلاَةَ رواه مسلم

## বাংলা

(১৫৯৩) উম্মুল মু’মেনীন উম্মে সালামাহ হিন্দ্ বিনতে আবী উমাইয়া হুযাইফাহ (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, অদূর ভবিষ্যতে তোমাদের উপর এমন শাসকবৃন্দ নিযুক্ত করা হবে, যাদের (কিছু কাজ) তোমরা ভালো দেখবে এবং (কিছু কাজ) গর্হিত। সুতরাং যে ব্যক্তি (তাদের গর্হিত কাজকে) ঘৃণা করবে, সে দায়িত্বমুক্ত হয়ে যাবে এবং যে আপত্তি ও প্রতিবাদ জানাবে, সেও পরিত্রাণ পেয়ে যাবে। কিন্তু যে ব্যক্তি (তাতে) সম্মত হবে এবং তাদের অনুসরণ করবে (সে ধ্বংস হয়ে যাবে)। সাহাবীগণ বললেন, ’হে আল্লাহর রসূল! আমরা কি তাদের বিরুদ্ধে যুদ্ধ করব না?’ তিনি বললেন, না; যে পর্যন্ত তারা তোমাদের মধ্যে নামায কায়েম করবে।

## ফুটনোট

(আহমাদ ২৬৫২৮, মুসলিম ৪৯০৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65341

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন